নিয়োগ বিজ্ঞপ্তি - ওকেপি-১০ (সিগন্যালস এন্ড আইটি) এর জন্য বেসামরিক জনবল (অফিসার পদবী)

১। বাংলাদেশ সেনাবাহিনীর তত্ত্বাবধানে ইনফরমেশন টেকনোলজি (IT) দক্ষ ও অভিজ্ঞতা সম্পন্ন বেসামরিক ইঞ্জিনিয়ারগণকে অপারেশন কুয়েত পূর্ণগঠন (ওকেপি)-১০ (সিগন্যাল এন্ড আইটি) কন্টিনজেন্টের সদস্য হিসেবে অফিসার পদে ০৩ (তিন) বছরের জন্য কুয়েত প্রেরণ করা হবে। এমতাবস্থায় বাংলাদেশ সেনাবাহিনীর সাথে কুয়েতে কাজ করার নিমিত্তে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ইনফরমেশন টেকনোলজি (IT) দক্ষ ও অভিজ্ঞতা সম্পন্ন ইঞ্জিনিয়ার নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের (পুরুষ) নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্রমিক	নিযুক্তি	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	২	৩	৪
১।	Database Administrator	৫	a. Minimum 5 years of practical experience in Database design, development and administration using MSSQL and Oracle. b. Relevant vendor certification from reputed vendor preferred (e.g., MCSA, MCSD, OCP etc.) c. Practical experience in application and report development using ASP.net, SQL. d. B.Sc./ Diploma in relevant field preferred.
২।	ASP.Net Developer	৬	a. Minimum 5 years of practical experience in application development using ASP.net, MVC. b. Experience in managing projects and teams. c. Relevant vendor certification from reputed vendor preferred (e.g., MCSA, MCSD, MCSE, ISTQB Certified Tester etc.) d. B.Sc./ Diploma in relevant field preferred.
৩।	Security Operation Center (SOC) Engineer	৬	a. Minimum 5 years of practical experience in cyber security field and with security devices like Firewalls, IPS/IDS, WAF, SIEM, etc. b. Relevant vendor certification from reputed vendor preferred (e.g., CEH, SOC Analyst, CyberOps Professional, CCNP Security etc.) c. B.Sc./ Diploma in relevant field preferred.
৪।	Network Operation Center (NOC) Engineer	৫	a. Minimum 5 years of practical experience in administration and management of network operations. b. Relevant vendor certification from reputed vendor preferred (e.g., CCNA, CCNP etc.) c. B.Sc./ Diploma in relevant field preferred.
৫।	Server, Storage and Data Center (SSD) Engineer	৩	a. Minimum 5 years of practical experience in administration and management of Server & Storage Systems, Virtualization, Active Directory, Exchange server etc. b. Experience in managing projects and teams. c. Relevant vendor certification from reputed vendor preferred (e.g., MCSA, MCSD, MCSE, VCP etc. d. B.Sc./ Diploma in relevant field preferred.
৬।	Transmission Engineer	১	a. Minimum 5 years of practical experience in administration of transmission links with devices like microwave radio, tetra, mux etc. b. Practical experience in administration of network operations, IP Telephony systems etc. c. Relevant vendor certification from reputed vendor preferred (e.g., CCNA, CCNP, RHCA etc.) d. B.Sc./ Diploma in relevant field preferred.

২। প্রার্থীকে নিজ নাম, পিতার নাম, বর্তমান ঠিকানা, জন্মতারিখ, জাতীয়তা, মোবাইল নম্বর, ই-মেইল আইডি এবং সমস্ত শিক্ষাগত যোগ্যতার বিবরণ উল্লেখ পূর্বক নিম্নবর্ণিত কাগজপত্রাদি দরখাস্তের সহিত সংযুক্ত করতে হবেঃ

ক। সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট আকারের ছবি (সাদা/হালকা রঙ্গের শার্ট পরিহিত)।
খ। জাতীয়তা সনদপত্রের সত্যায়িত কপি।
গ। সমস্ত শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি।
ঘ। IT Vendor Certification এর সত্যায়িত ফটোকপি।
ঙ। সকল অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত কপি।
চ। বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক নির্ধারিত Curriculum Vitae (CV) এর পূরণকৃত কপি (বাংলাদেশ সেনাবাহিনীর ওয়েবসাইট হতে ডাউনলোড যোগ্য)।
ছ। প্রাইভেট ফান্ড, আইটি পরিদপ্তর, দি ট্রাষ্ট ব্যাংক লিমিটেড এর অনুকূলে ১০০০/- (এক হাজার) টাকার ব্যাংক ড্রাফট (অফেরৎ যোগ্য)।

৩। <u>সুবিধাদি</u>।

ক। চুক্তি অনুযায়ী কুয়েতে ডেপুটেশনে নিয়োজিত বাংলাদেশ সেনাবাহিনীর অফিসার পদবীর বেতন-ভাতার অনুরূপ প্রাপ্য হবে (আনুমানিক মূল বেতন মাসিক ২,০০,০০০.০০-২,৬০,০০০.০০ টাকা এবং সাথে বাড়ীভাড়া সহ অন্যান্য ভাতাদি) যা কুয়েত/বাংলাদেশ সরকার কর্তৃক পরিবর্তন যোগ্য।

খ। চাকুরীকাল গমনের তারিখ হতে ০৩ (তিন) বৎসর।

গ। চাকুরীকালীন সময়ে কুয়েতে পরিবার নিয়ে থাকার সুয়োগ রয়েছে।

ঘ। নিজ ও পরিবারের বিনামূল্যে চিকিৎসা সুবিধা (শর্ত প্রযোজ্য)।

ঙ। চাকুরীকালে কুয়েতে সন্তানাদির লেখাপড়ার ক্ষেত্রে টিউশন ফি ভাতা পাওয়ার সুযোগ রয়েছে (শর্ত প্রযোজ্য)।

৪। আগ্রহী প্রার্থীদের বর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে আগামী ২০ নভেম্বর ২০২২ তারিখের মধ্যে ব্যাংক ড্রাফট, দরখাস্ত ও স্তবক-২ এ বর্ণিত অন্যান্য নথিপত্র সেনাসদর, জিএস শাখা (আইটি পরিদপ্তর), ঢাকা সেনানিবাস এ ডাকযোগে/স্বহস্তে প্রেরণ করতে হবে। আবেদনকারীদের মধ্য হতে যোগ্যতার ভিত্তিতে নির্দিষ্ট সংখ্যক আবেদনকারীকে নির্বাচনী পরীক্ষার জন্য ডাকা হবে।

৫। বিজ্ঞপ্তি অনুযায়ী ২০ নভেম্বর ২০২২ তারিখে আবেদনকারীর বয়স ২৪ হতে ৪৫ বছরের মধ্যে থাকতে হবে। বয়সের ক্ষেত্রে কোন অ্যাফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৬। প্রার্থীকে শারীরিকভাবে যোগ্য হতে হবে এবং সম্মিলিত সামরিক হাসপাতাল হতে নিয়োগের পূর্বে নির্ধারিত ডাক্তারী পরীক্ষায় যোগ্য হতে হবে।

৭। সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্ব-শাসিত ইত্যাদি প্রতিষ্ঠানে চাকুরীরত যোগ্য প্রার্থীদের উপরোক্ত শর্তাবলী অনুসরণ পূর্বক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে No Objection Certificate (NOC) সহ নির্ধারিত সময়ের মধ্যে দরখাস্ত প্রেরণ করতে হবে।

৮। অসম্পূর্ণ এবং ক্রটিপূর্ণ দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৯। যে কোন দরখাস্ত বাতিল ও সংরক্ষণসহ অন্য যে কোন প্রসংগে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১০। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারী কোন প্রকার যাতায়াত/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

১১। বেতন-ভাতা কুয়েতে ডেপুটেশনের তারিখ হতে প্রাপ্য হবেন এবং ডেপুটেশন শেষে বাংলাদেশে প্রত্যাবর্তন করার সাথে সাথে অস্থায়ী নিয়োগ হতে অব্যাহতি দেয়া হবে এবং তারপর হতে আর কোন প্রকার বেতন, ভাতা ও অন্যান্য সুবিধা প্রাপ্য হবেন না।